



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং- ৭জি-১০৮(ক-৩)/২০০৬(অংশ-১)/১৪২

তারিখ: ১২/০১/২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ উপজেলাধীন সলংগা ডিগ্রি কলেজের সহকারী গ্রাহাগারিক জনাব বিলকিস পারভীন কে ডিসেম্বর/১৮ হতে মে/১৯ পর্যন্ত বকেয়া বেতন ভাতা প্রদান।

সূত্র: অধ্যক্ষের পত্র নং- (৫০২)/২০; তারিখ: ১৮/১০/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ উপজেলাধীন সলংগা ডিগ্রি কলেজের সহকারী গ্রাহাগারিক জনাব বিলকিস পারভীন দীর্ঘদিন অসুস্থ থাকায় এবং কলেজে অনুপস্থিত থাকার কারণে কলেজ কর্তৃপক্ষ গত ডিসেম্বর/২০১৮ হতে মে/২০১৯ পর্যন্ত সোনালী ব্যাংক শাখা হতে বেতন ভাতাদি উত্তোলন সাময়িকভাবে বন্ধ করেন। বিলকিস পারভীন পর পর অসুস্থতার কারণে অধ্যক্ষ বরাবর মেডিকেল সার্টিফিকেট দাখিল করে। উক্ত কলেজের গভর্নিং বডিতে অধিবেশন নং- ১৪৭/১৯ তারিখ: ১৪/১২/২০১৯ তারিখের সিদ্ধান্ত নং- ০৫ এ তার সমস্ত বকেয়া বেতন ভাতাদি প্রদানের সুপারিশ করেন।

**আইন শাখার মতামত:** জনাব বিলকিস পারভীন, সহকারী গ্রাহাগারিক সলংগা ডিগ্রি কলেজ অসুস্থতার কারণ দেখিয়ে দীর্ঘদিন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মসূলে অনুপস্থিত থাকায় ডিসেম্বর/১৮ হতে মে/১৯ পর্যন্ত ০৬ (ছয়) মাসের বেতন ভাতাদি কর্তৃপক্ষ প্রদান না করায় উক্ত বকেয়ার বিষয়ে তিনি আবেদন করেন।

সলংগা ডিগ্রি কলেজের সহকারী গ্রাহাগারিক জনাব বিলকিস পারভীন এর বিষয়ে অত্র অধিদপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টা অন লাইনে লিখিত মতামত প্রদান করেন। তিনি মতামতের সারাংশে উল্লেখ করেন, "If the College Authority has regularized her leave, then she is entitled to the said arrear, otherwise, there I no scope to give her the said arrear MPO." এক্ষেত্রে বিজ্ঞ আইন উপদেষ্টার মতামতের আলোকে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ চিকিৎসা ছুটির বিধি বিধান অনুসরণপূর্বক ছুটি অনুমোদিত হলে বকেয়া প্রাপ্য হবেন। কিন্তু কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, আবেদনকারী বিধি মোতাবেক ছুটি নেননি। সেক্ষেত্রে সরকার কর্তৃক বকেয়া পরিশোধের সুযোগ নেই। দায়ভার প্রতিষ্ঠান কর্তৃপক্ষের।

এমতাবস্থায়, আইন শাখা এবং বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত অনুযায়ী জনাব বিলকিস পারভীন, সহকারী গ্রাহাগারিক এর বকেয়া পরিশোধের সুযোগ নেই। এর দায়ভার প্রতিষ্ঠান কর্তৃপক্ষ বহন করবে।

অতএব, বিষয়টি প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে অবহিত করা হলো।

Alco ৪৮ ৫.১.২১  
(মো. আব্দুল কাদের)  
সহকারী পরিচালক (কলেজ-৩)  
ফোন নং- ৯৫৫৬০৫৭  
Email-ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ  
সলংগা ডিগ্রি কলেজ, রায়গঞ্জ, সিরাজগঞ্জ

অনুলিপি:

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, সলংগা ডিগ্রি কলেজ, রায়গঞ্জ, সিরাজগঞ্জ
- ২। সংরক্ষণ নথি।